



রাজশাহী বিশ্ববিদ্যালয়

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক /স্নাতক (সম্মান) শ্রেণীতে বিশেষ কোটায় ভর্তি পরীক্ষার শর্তসমূহ:

- (১) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রার্থীরা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে অবশ্যই তাদের জাতিভিত্তিক প্রত্যয়নপত্র এবং একাডেমিক কাগজপত্র (মূল ও একসেট সত্যায়িত ফটোকপি) সহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট সশরীরে উপস্থিত হতে হবে।
 - (২) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/ নাতি-নাতনি ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে অবশ্যই পুত্র/কন্যা তাদের পিতা/মাতার এবং নাতি-নাতনী তাদের দাদা-দাদী/নানা-নানীর মুক্তিযোদ্ধার সনদপত্র এবং একাডেমিক কাগজপত্র (মূল ও একসেট সত্যায়িত ফটোকপি) সহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট সশরীরে উপস্থিত হতে হবে।
 - (৩) শারীরিক প্রতিবন্ধী প্রার্থীরা ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর (৪০) পেলে শারীরিক প্রতিবন্ধী হিসাবে প্রত্যয়নপত্র এবং একাডেমিক কাগজপত্র (মূল ও একসেট সত্যায়িত ফটোকপি) সহ সংশ্লিষ্ট নির্বাচন কমিটির নিকট সশরীরে উপস্থিত হতে হবে।
 - (৪) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর পুত্র/কন্যা ভর্তি পরীক্ষার জন্য আবেদনের সময় আই.সি.টি. সেন্টার কর্তৃক ওয়েবসাইটে প্রকাশিত নিয়মাবলী অনুসরণপূর্বক পোষ্য (Ward) কোটায় অন্তর্ভুক্তির জন্য সংশ্লিষ্ট অফিস প্রধানের সুপারিশসহ আবেদনপত্র অনলাইনে জমা দিতে হবে। পাশ নম্বর ন্যূনতম ৪০।
- রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোন শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী চাকরিতে অবসর গ্রহণ করলে অথবা মৃত্যুবরণ করলে অবসর গ্রহণ এবং মৃত্যুর তারিখ থেকে ৫ (পাঁচ) বছর পোষ্য (Ward) কোটার অন্তর্ভুক্ত হবে।
- (৫) বিকেএসপি কোটার শিক্ষার্থীরা শুধুমাত্র শারীরিক শিক্ষা ও ক্রীড়া বিজ্ঞান বিভাগে ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাশ নম্বর পেলে তাদের বিকেএসপি'র সনদপত্রের ফটোকপি ও অন্যান্য একাডেমিক কাগজপত্র (মূল ও একসেট সত্যায়িত ফটোকপি) সহ সংশ্লিষ্ট ইউনিটে সাক্ষাৎকারের মাধ্যমে বিকেএসপি কোটায় নির্ধারিত আসনে মেধাক্রম অনুযায়ী সংশ্লিষ্ট ইউনিট ভর্তির ব্যবস্থা গ্রহণ করবে।

বিশেষ দৃষ্টব্যঃ

সকল প্রকার কোটার প্রার্থীকে প্রাথমিক আবেদনের সময় অবশ্যই অনলাইনে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করে প্রার্থিত কোটায় আবেদন করতে হবে। অন্যথায় তাদের কোটাভুক্তির আবেদন গ্রহণযোগ্য হবে না।

(প্রফেসর মো. আবদুস সালাম)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়